

# AFMC Admission Test : 2019-20

## পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনাবলী:-

- AFMC Admission Test পরীক্ষায় মোট প্রশ্ন=100 টি, মোট মার্ক্স=100 এবং মোট সময়=60 মিনিট।
- MCQ অংশে মোট প্রশ্ন 100 টি। প্রতিটি প্রশ্নের মার্ক্স 1 করে মোট মার্কস=100। প্রতিটি MCQ এর জন্য একটি করে সঠিক উত্তর রয়েছে। তাই, প্রতিটি MCQ এর সঠিক উত্তরের অপশন সিলেক্ট করতে হবে এবং কোন প্রশ্ন না পারলে "Skip" অপশন সিলেক্ট করবে।
- প্রতিটি ভুল উত্তরের জন্য 0.25 নম্বর কাটা হবে।
- MCQ এর সব অপশন সিলেক্ট করে Submit অপশনে ক্লিক করলে তোমার উত্তরপত্র জমা হবে। সাথে সাথে তোমার প্রাপ্ত স্কোর দেখতে পারবে।
- ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

1. রোধ থার্মোমিটারে কোনটি ব্যবহার করা হয়?

(1 point)

- Pt
- Al
- Cu
- Ag
- Skip

### Explanation:

রোধ থার্মোমিটারে সিরামিক ও কাচের তার পেঁচানো থাকে, তবে অন্য সরঞ্জামাদিও ব্যবহৃত হয়ে থাকে। এতে প্লাটিনাম, নিকেলও থাকে।

2. সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলে কোন মানটি একই?

(1 point)

- 20°C
- 35.5°C
- 40°C
- 0°C
- Skip

### Explanation:

১। এমন একটি তাপমাত্রা বের কর যার মান সেলসিয়াস এবং ফারেনহাইট স্কেলে একই হয়।

মনে করি নির্ণেয় তাপমাত্রা =  $x$

$$\therefore \text{আমরা পাই, } \frac{C}{5} = \frac{F-32}{9} \quad \dots \quad \dots \quad \dots \quad (i)$$

এখানে,  $C = F = x$

$$\therefore \text{সমীকরণ (i) হতে আমরা পাই, } \frac{x}{5} = \frac{x-32}{9}$$

$$\text{বা, } 9x = 5x - 160$$

$$\text{বা, } 9x - 5x = -160$$

$$\text{বা, } 4x = -160$$

$$\therefore x = \frac{-160}{4} = -40^\circ$$

উ:  $-40^\circ\text{C}$  এবং  $-40^\circ\text{F}$

3. নির্দিষ্ট গ্যাসের অভ্যন্তরীণ শক্তি শুধু নির্ভরশীল-

(1 point)

- চাপের উপর
- আয়তনের উপর



- তাপমাত্রার উপর
- ঘনত্বের উপর
- Skip

**Explanation:**

$\therefore dQ = C_V dT$ । অর্থাৎ  $dT$  তাপমাত্রা বৃদ্ধিতে 1 মোল গ্যাসের অভ্যন্তরীণ শক্তির বৃদ্ধি হলো  $C_V$  এবং  $dT$  এর গুণফলের সমান। এক্ষেত্রে আয়তন স্থির থাকা আবশ্যিক নয়। কারণ অভ্যন্তরীণ শক্তি কেবলমাত্র তাপমাত্রার ওপর নির্ভরশীল।

গ্যাসের অভ্যন্তরীণ শক্তির নির্ভরতা : কোনো গ্যাসের অবস্থা তার চাপ, আয়তন ও তাপমাত্রা দ্বারা নির্ধারিত হয়। সুতরাং, মনে করা স্বাভাবিক যে গ্যাসের অভ্যন্তরীণ শক্তি এই তিনটি রাশির ওপর নির্ভর করে। প্রকৃতপক্ষে তা নয়। অনেক পরীক্ষা-নিরীক্ষার পর জুল নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন—

কোনো নির্দিষ্ট পরিমাণ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি শুধুমাত্র এর তাপমাত্রার ওপর নির্ভর করে, এর চাপ বা আয়তনের ওপর নির্ভর করে না। একে মেয়ারের প্রকল্প (Mayer's hypothesis) বলা হয়।

অতএব, তাপমাত্রার পরিবর্তন হতে নির্দিষ্ট পরিমাণ গ্যাসের অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন পরিমাপ করা যায়। সর্বোচ্চ চাপ বা আয়তন পরিবর্তিত হলেও তাপমাত্রা যদি স্থির থাকে তবে গ্যাসের অভ্যন্তরীণ শক্তিও অপরিবর্তিত থাকবে। অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন কোনো ব্যবস্থার প্রাথমিক ও চূড়ান্ত অবস্থার ওপর নির্ভর করে। কোন পথে চূড়ান্ত অবস্থায় পৌঁছল তার ওপর নির্ভর করে না।

**4. তড়িৎ বিভবের একক কী?**

(1 point)

- অ্যাম্পিয়ার
- ভোল্ট
- ওয়েবার
- ওহম
- Skip

**Explanation:**

যেহেতু একক ধন চার্জ স্থানান্তরে কৃত কাজ দ্বারা বিভব পরিমাপ করা হয়, কাজেই কাজের ন্যায় বিভবেরও অভিমুখ নেই, কেবল পরিমাণ আছে। তাই তড়িৎ বিভব একটি স্কেলার রাশি। ঋণ চার্জ ও একক ধন চার্জের মধ্যকার আকর্ষণই কাজ করবে। সুতরাং ঋণ চার্জের জন্য বিভব ঋণ রাশি হবে।

একক : এস. আই. (S.I.) পদ্ধতিতে বিভব শক্তির একক জুল, চার্জের একক কুলম্ব। সুতরাং তড়িৎ বিভবের একক

$$V = \frac{\text{জুল}}{\text{কুলম্ব}} \text{ (Joule/Coulomb)}$$

তড়িৎ বিভবের এই জুল/কুলম্ব একককে ভোল্ট বলে।

1 ভোল্ট বিভব : অসীম দূরত্ব হতে 1 কুলম্ব ধন চার্জকে তড়িৎ ক্ষেত্রের কোনো বিন্দুতে আনতে যদি 1 জুল কাজ করতে হয় তবে ওই বিন্দুর বিভবকে 1 ভোল্ট বলে।

**5. 1j=?**

(1 point)

- 0.24cal
- 0.024cal
- 0.12cal
- 1.2cal
- Skip

**Explanation:**

সূত্র তিনটি একত্রিত করলে আমরা পাই,

$$H \propto i^2 R t$$

$$= K i^2 R t = 0.24 i^2 R t \text{ cal} \quad \dots \quad (3.5)$$

এখানে K হলো সমানুপাতিক ধ্রুবক। সমীকরণ (3.5)-এর বিভিন্ন রাশির এককের ওপর K-এর মান নির্ভর করে, H-কে calorie-তে, i-কে ampere-এ, R-কে ohm-এ এবং t-কে sec-এ প্রকাশ করলে  $K = 0.24$ , অর্থাৎ  $K = \frac{1}{j}$ । এখানে j = তাপের যান্ত্রিক সমতুল বা তুল্যাঙ্ক। একক তাপ উৎপন্ন করতে যে পরিমাণ কাজ করতে হয় বা একক তাপ দ্বারা যে পরিমাণ কাজ করা যায়, তাকে তাপের যান্ত্রিক সমতুল বলে।

**6. দুটি কোষের তড়িচ্চালক বলের তুলনা কোনটি দ্বারা করা হয়?**

(1 point)



- মিটার ব্রিজ  
 অ্যামিটার  
 ভোল্টমিটার  
 পোটেনশিওমিটার  
 Skip

**Explanation:**

৩.১৭ ব্যবহারিক  
 Experimental

পরীক্ষণের নাম :	পোটেনশিওমিটার Potentiometer
পিরিয়ড : ২	পোটেনশিওমিটারের সাহায্যে দুটি কোষের তড়িচ্চালক বলের তুলনা To compare the electromotive forces of two electric cells by a potentiometer

মূলতত্ত্ব (Theory) : বিযুক্ত অবস্থায় কোনো বিদ্যুৎ কোষের দুটি মেনুর বিভব পার্থক্যকে ওই বিদ্যুৎ কোষের বিদ্যুচ্চালক বল বলে। বিদ্যুচ্চালক বলকে  $E$  দ্বারা সূচিত করা হয়।

ধরি, দুটি বিদ্যুৎ কোষের বিদ্যুচ্চালক বল যথাক্রমে  $E_1$  এবং  $E_2$ । মনে করি  $I$  প্রাথমিক বর্তনীর মধ্য দিয়ে প্রবাহিত প্রবাহমাত্রা।  $E_1$  এবং  $E_2$  বিদ্যুচ্চালক বলযুক্ত বিদ্যুৎ কোষের ক্ষেত্রে পোটেনশিওমিটারটি যন্ত্রের ধন প্রান্ত হতে নিষ্ক্রিয় বিন্দু পর্যন্ত তারের দৈর্ঘ্য যথাক্রমে  $l_1$  ও  $l_2$  হলে এবং পোটেনশিওমিটার যন্ত্রের তারের একক দৈর্ঘ্যের রোধ  $\rho$  হলে, ও'মের সূত্র হতে আমরা পাই,

$$E_1 = \text{বিভব পতন} = l_1 \rho I \quad \dots \quad (3.39)$$

$$\text{এবং } E_2 = \text{বিভব পতন} = l_2 \rho I \quad \dots \quad (3.40)$$


## 7. পরিবাহীর মধ্যে বিদ্যুৎ প্রবাহিত হলে কোনটি তৈরি হয়?

(1 point)

- চুম্বক  
 বিভব  
 রোধ  
 চার্জ  
 Skip

**Explanation:**

সূত্র : ক্ষুদ্র দৈর্ঘ্যের কোনো পরিবাহীর মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হলে এর চারপাশে যে চৌম্বক ক্ষেত্র সৃষ্টি হয় তার কোনো বিন্দুতে চৌম্বকীয় আবেশের মান—



চিত্র ৪৮

- (i) বিদ্যুৎ প্রবাহমাত্রার সমানুপাতিক,  
 (ii) পরিবাহীর দৈর্ঘ্যের সমানুপাতিক,  
 (iii) পরিবাহীর মধ্য বিন্দু হতে ওই বিন্দুর সংযোগ রেখা এবং পরিবাহীর অন্তর্ভুক্ত কোণের সাইনের সমানুপাতিক,  
 (iv) পরিবাহীর মধ্য বিন্দু হতে ওই বিন্দুর দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক।

ব্যাখ্যা : মনে করি CD বিদ্যুৎবাহী পরিবাহীর একটি অতি ক্ষুদ্র অংশ। এর দৈর্ঘ্য  $dl$ । এই অংশে বিদ্যুৎ প্রবাহের দরুন এর মধ্য বিন্দু O হতে  $r$  দূরে অবস্থিত P বিন্দুতে চৌম্বক আবেশ বা চৌম্বক ক্ষেত্র নির্ণয় করতে হবে।

গণনাধিকার (২য়) — ১৬(খ)

## 8. কোন সূত্রানুসারে ট্রান্সফর্মার তৈরি হয়?

(1 point)

- কুলম্ব  
 ফ্যারাডে  
 ওহম  
 প্লাঙ্ক  
 Skip

**Explanation:**



কার্বনীতি (Principle) : মনে করি, মুখ্য কুণ্ডলীতে প্রযুক্ত পরিবর্তী তড়িচ্চালক শক্তি =  $E_p$ । ধরি মুখ্য কুণ্ডলীর প্রবাহমাত্রা =  $i_p$ । তা হলে এই পরিবর্তী প্রবাহমাত্রা এর কোরে চৌম্বক ফ্লাক্স উৎপন্ন করবে। ফলে মুখ্য কুণ্ডলীতে একটি বিপরীত তড়িচ্চালক শক্তির উদ্ভব হবে, যা আদর্শ অবস্থায়  $E_p$ -এর সমান হবে।

মনে করি,  $n_p$  পাকবিশিষ্ট মুখ্য কুণ্ডলীর প্রতিটি পাক সংখ্যার মধ্য দিয়ে অতিক্রান্ত চৌম্বক ফ্লাক্স =  $\phi$

$$\therefore E_p = n_p \frac{d\phi}{dt} \quad \dots \quad \dots \quad \dots \quad \text{(ঋণ চিহ্ন অগ্রাহ্য করে)} \quad (5.16)$$

এবং  $n_s$  পাকবিশিষ্ট গৌণ কুণ্ডলীতে একই চৌম্বক ফ্লাক্স জড়িত হেতু আবিষ্ট তড়িচ্চালক শক্তি

$$E_s = n_s \frac{d\phi}{dt} \quad \dots \quad \dots \quad \dots \quad (5.17)$$

এক্ষেত্রে চৌম্বক ফ্লাক্সের ক্ষরণ (leakage) নগণ্য বিবেচনা করা হয়েছে।

$$\therefore \frac{E_s}{E_p} = \frac{n_s}{n_p} \quad \dots \quad \dots \quad \dots \quad (5.18)$$

অর্থাৎ আবিষ্ট তড়িচ্চালক শক্তি এবং প্রযুক্ত তড়িচ্চালক শক্তির অনুপাত গৌণ ও মুখ্য কুণ্ডলীর পাক সংখ্যার অনুপাতের সমান। এ অনুপাতকে পাক সংখ্যা অনুপাত (turn-ratio) বলে।

সুতরাং কুণ্ডলী দুটির ভোল্ট মাত্রা তাদের পাক সংখ্যার সমানুপাতিক। যদি  $n_p < n_s$  হয় তবে  $E_p < E_s$  হবে।

শক্তির নিত্যতা সূত্র অনুসারে মুখ্য কুণ্ডলীর ওপর প্রতি সেকেন্ডে ব্যয়িত শক্তি গৌণ কুণ্ডলীর ওপর ব্যয়িত শক্তির সমান হবে অর্থাৎ মুখ্য ও গৌণ কুণ্ডলীর ওয়াট মাত্রা সমান হবে। গৌণ কুণ্ডলীর ওয়াট মাত্রাই ট্রান্সফরমারের বহিঃক্ষমতা নির্দেশ করে।

## 9. মায়োপিয়া হলে কোন লেন্স ব্যবহার করা হয়?

(1 point)

- অবতল
- উত্তল
- সমতল
- উভোত্তল
- Skip

### Explanation:

নিকটদৃষ্টি বা হ্রস্বদৃষ্টি বা মায়োপিয়া (ইংরেজি: Myopia) চোখের ৪টি প্রধান রোগের মধ্যে ১টি। এটি আসলে চোখের সেই অবস্থা যখন চোখের তারারন্ধ্র/তারারন্ধ্রের ভেতর দিয়ে আগত আলো অক্ষিগোলকের রেটিনায় আপতিত না হয়ে তার সামনে কোন স্থানেই একটি বিন্দুতে মিলিত হয়ে প্রতিবিম্ব সৃষ্টি করে ফেলে। ফলে চোখের নিকট দূরত্ব ২৫ সেন্টিমিটার এর বেশি দূরের কোন বস্তুর বিম্ব রেটিনার সামনে গঠিত হয়। ফলে বস্তুর স্পষ্ট প্রতিবিম্ব গঠিত হয় না আর ভালো দেখাও সম্ভব হয় না। এ জন্য মায়োপিয়াকে "ক্ষীণদৃষ্টি"ও বলা হয়। এর অন্যান্য নামের মধ্যে রয়েছে "অদূরবদ্ধ দৃষ্টি", "হ্রস্ব দৃষ্টি" এবং "স্বল্প দৃষ্টি"

এক্ষেত্রে অনেক দূরবর্তী বস্তু থেকে আগত আলোক রশ্মিগুচ্ছ চোখের লেন্সে প্রতিসৃত হয়ে রেটিনার সামনে মকোন বিন্দুতে মিলিত হয়। ফলে লক্ষ্যবস্তু স্পষ্ট দেখা যায় না। এই চোখের দূরবিন্দু অসীমে না হয়ে ২৫ সেন্টিমিটারের বেশি দূরত্বে কোন বিন্দুতে হয় যা অনেক সময় মাত্র ১মিটার বা তার চেয়েও কম দূরত্বে অবস্থিত হয়। তাই এই চোখ এর বেশি দূরত্বে কোন বস্তু স্পষ্ট দেখতে পায় না।

চোখের লেন্সের অভিসারী ক্ষমতা বেড়ে যাওয়ায় এই ত্রুটির উদ্ভব হয় বলে এই ত্রুটি দূর করার জন্য অভিসারী ক্ষমতা কমানোর মতন সহায়ক লেন্স বা চশমা অর্থাৎ অবতল লেন্সের চশমা ব্যবহৃত হয়। এক্ষেত্রে চোখের লেন্সের সামনে সহায়ক লেন্স বা চশমা হিসেবে এমন ফোকাস দূরত্বের অবতল লেন্স ব্যবহৃত হয় যার অসীম দূরত্বের লক্ষ্যবস্তুর বিম্ব ত্রুটিপূর্ণ চোখের দূরবিন্দুতে গঠন করে।

## 10. কোন আলোর বিচ্যুতি বেশি?

(1 point)

- লাল
- কমলা
- নীল
- বেগুনি
- Skip

### Explanation:

যার তরঙ্গদৈর্ঘ্য কম তার প্রতিসরণ,বিক্ষেপণ,বিচ্যুতি প্রভৃতি বেশি)

- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি= লাল
- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম= বেগুনি



- আলোর প্রতিসরণ সবচেয়ে বেশি= বেগুনি
- আলোর প্রতিসরণ সবচেয়ে কম= লাল
- আলোর বিক্ষেপণ সবচেয়ে বেশি =বেগুনি
- আলোর বিক্ষেপণ সবচেয়ে কম= লাল
- বর্ণের আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি = বেগুনি
- আলোর বিচ্যুতি সবচেয়ে কম=লাল

11. আগবিক গঠনে কোন বলের প্রকাশ ঘটে?

(1 point)

- ভ্যানডার ওয়ালস
- চুম্বকীয় বল
- নিউক্লিয় বল
- তড়িৎ চুম্বকীয় বল
- Skip

**Explanation:**

২। তড়িৎ-চুম্বকীয় বল : দুটি আহিত বা চার্জিত বস্তুর মধ্যে এবং দুটি চুম্বক পদার্থের মধ্যে এক ধরনের বল ক্রিয়াশীল থাকে। এদেরকে যথাক্রমে কুলম্বের তড়িৎ এবং চৌম্বক বল বলা হয়। তড়িৎ এবং চৌম্বক বল আকর্ষণ এবং বিকর্ষণ উভয় ধরনের হতে পারে। তড়িৎ এবং চৌম্বক বল পরস্পর ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। বস্তুত আপেক্ষিক গতিতে পরিভ্রমণরত দুটি আহিত কণার মধ্যে ক্রিয়াশীল বলই হচ্ছে তড়িৎ-চুম্বকীয় বল। যখন তড়িৎ আধান বা চার্জগুলো গতিশীল হয়, তখন তারা চৌম্বক ক্ষেত্র সৃষ্টি করে। আবার পরিবর্তী (varying) চৌম্বক ক্ষেত্র তড়িৎ ক্ষেত্রের উৎস হিসেবে কাজ করে। ধারণা করা হয় যে, ভরহীন, চার্জহীন ফোটন নামক এক প্রকার কণার পরস্পরিক বিনিময়ের মাধ্যমে এই বল কার্যকর হয়।

স্থিতিস্থাপক বল, আগবিক গঠন, রাসায়নিক বিক্রিয়া ইত্যাদিতে তড়িৎ-চুম্বকীয় বলের প্রকাশ ঘটে।

12. সবচেয়ে কম সক্রিয় ধাতু কোনটি?

(1 point)

- Silver
- Copper
- Gold
- Platinum
- Skip

**Explanation:**

\*সবচেয়ে বেশি সক্রিয় ধাতু=পটাসিয়াম

\*সবচেয়ে কম সক্রিয় ধাতু=গোল্ড(সক্রিয়তা সিরিজে গোল্ড সবার নিচে)

13. দুটি মৌলের ভরসংখ্যা একই হলে তাকে কী বলে?

(1 point)

- আইসোটোন
- আইসোবার
- আইসোমার
- আইসোটোপ
- Skip

**Explanation:**

(২) আইসোবার : যে সব পরমাণুর প্রোটন সংখ্যা অসমান (ভিন্ন মৌল); কিন্তু ভর সংখ্যা বা  $(p + n)$  সমান হয়; এদেরকে পরস্পরের আইসোবার বলে। আইসোবারসমূহ অবশ্যই ভিন্ন ভিন্ন মৌলের পরমাণু। যেমন কপারের আইসোটোপ  $^{64}_{29}\text{Cu}$  এবং জিংকের আইসোটোপ  $^{64}_{30}\text{Zn}$  হলো পরস্পরের আইসোবার। উভয় পরমাণুর নিউক্লিয়াসে মোট প্রোটন ও নিউট্রনের সংখ্যা হলো 64; কিন্তু তাদের প্রোটন সংখ্যা ভিন্ন। আইসোবার পরমাণুর ভৌত ও রাসায়নিক উভয় প্রকার ধর্ম ভিন্ন হয়। অর্থাৎ  $^{14}_6\text{C}$  ও  $^{14}_7\text{N}$  হলো পরস্পরের আইসোবার।



14. পৃথিবীর মুক্তিবৈগ কত?

(1 point)

- 0.112 kms<sup>-1</sup>
- 11.2 kms<sup>-1</sup>
- 112 kms<sup>-1</sup>
- 0.9 kms<sup>-1</sup>
- Skip

**Explanation:**

#### ৬.১৮ মুক্তিবৈগ

##### Escape velocity

ওপর থেকে কোনো বস্তুকে ছেড়ে দিলে তা নিচের দিকে পড়ে। আবার ওপরের দিকে একটি টিল নিক্ষেপ করলে তাও নিচের দিকে পড়ে। পৃথিবীর অভিকর্ষের টানে এই দুটি বস্তু নিচের দিকে পড়ে। কতদূর পর্যন্ত এই অভিকর্ষীয় বল ক্রিয়া করবে বা কতদূর পর্যন্ত এই অভিকর্ষ বলের সীমা বিস্তৃত? এই প্রশ্ন আমাদের সকলের। পৃথিবীর ব্যাসার্ধের তুলনায় খুব বেশি দূরত্বে পৃথিবীর আকর্ষণ বল নগণ্য হয়; কিন্তু যত ক্ষুদ্রই হোক না কেন পৃথিবীর মহাকর্ষীয় আকর্ষণ প্রকৃতপক্ষে অসীম দূরত্বে পর্যন্ত বিস্তৃত। কোনো বস্তুকে যদি এমন বেগে উর্ধ্বে নিক্ষেপ করা হয় যে তা পৃথিবীর অভিকর্ষীয় ক্ষেত্র অতিক্রম করে যায় তবে বস্তুটি আর কখনই পৃথিবীতে ফিরে আসবে না। তখন বস্তুটি অভিকর্ষের সীমা ছাড়িয়ে মহাশূন্যে ধাবিত হবে। ন্যূনতম যে বেগে নিক্ষেপ করলে কোনো বস্তু অভিকর্ষের সীমা ছাড়িয়ে যায় সেই বেগই মুক্তিবৈগ। পৃথিবীর পৃষ্ঠ হতে কোনো বস্তুর মুক্তিবৈগ 11.2 kms<sup>-1</sup> বা 7 mile s<sup>-1</sup>।

সর্বাপেক্ষা কম যে বেগে কোনো বস্তুকে ওপরের দিকে নিক্ষেপ করলে তা আর পৃথিবীতে ফিরে আসে না সেই বেগকে মুক্তিবৈগ বলে।

উর্ধ্বমুখ বস্তুর ভর এবং উপগ্রহের ভর (পৃথিবী) এর ওপর মুক্তিবৈগের কোনো প্রভাব আছে কি? যেহেতু পৃথিবীর তুলনায় উর্ধ্বমুখ বস্তুটি খুবই ছোট তাই পৃথিবীর ভরের ওপর নির্ভর করলেও নিষ্কিন্ত বস্তুর ভরের ওপর তা নির্ভর করে না। স্পষ্টত কোনো উপগ্রহের প্রদক্ষিণ বেগ মুক্তিবৈগ অপেক্ষা কম হয়, তা না হলে উপগ্রহটি মহাশূন্যে বিলীন হয়ে যেত।

15. চন্দ্র যখন সূর্য ও পৃথিবীর মাঝে আসে তখন ?

(1 point)

- সূর্যগ্রহণ
- চন্দ্র গ্রহণ
- অমাবস্যা
- কোনটিই নয়
- Skip

**Explanation:**

যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয় সূর্যগ্রহণ। চন্দ্র যখন পৃথিবীর ছায়ার মধ্যে অবস্থান করে তখন চন্দ্রগ্রহণ ঘটে। অর্থাৎ সূর্য ও চন্দ্রের মাঝে পৃথিবী অবস্থান করলে চন্দ্র গ্রহণ হয়।

16. স্টেরেডিয়ান কোণ-

(1 point)

- একমাত্রিক
- দ্বিমাত্রিক
- ত্রিমাত্রিক
- মাত্রা নেই
- Skip

**Explanation:**

স্টেরেডিয়ান (প্রতীক: sr) বা বর্গাকার রেডিয়ান হলো ঘনকোণের এসআই একক। ত্রিমাত্রিক জ্যামিতিতে ত্রিমাত্রিক কোণের পরিমাপে স্টেরেডিয়ান ব্যবহৃত হয় এবং এটি রেডিয়ানের (সমতল দ্বিমাত্রিক কোণের পরিমাপ) সাথে সাদৃশ্যপূর্ণ। যেখানে রেডিয়ানে একটি বৃত্তের কেন্দ্রে নির্দিষ্ট একটি কোণ উৎপন্ন হয়ে এর পরিধির



সমান একটি দৈর্ঘ্য দেয়, স্টেরিডিয়ান একটি ঘনকোণ যা একটি গোলকের কেন্দ্রে উৎপন্ন হয় এবং পৃষ্ঠের উপর একটি ক্ষেত্রফল দেয়।

17. কোনটি আলোকবর্ষের একক?

(1 point)

- গিগাহার্জ
- পারসেক
- সেকেন্ড
- কিলোমিটার
- Skip

**Explanation:**

অন্যান্য ছোট, বড় ও নভোমণ্ডলীয় একক :

1 এক্সরে ইউনিট (X.U.)	=	$10^{-11}$ সেমি	=	$10^{-13}$ মিটার
1 অ্যাংস্ট্রম (Å)	=	$10^{-8}$ সেমি	=	$10^{-10}$ মিটার
1 মিলিমাইক্রোন (mμ)	=	$10^{-7}$ সেমি	=	$10^{-9}$ মিটার
1 মাইক্রোন (μ) বা মাইক্রোমিটার	=	$10^{-4}$ সেমি	=	$10^{-6}$ মিটার
1 মেগামিটার (Mm)	=	$10^8$ সেমি	=	$10^6$ মিটার
1 অ্যাস্ট্রোনোমিক্যাল ইউনিট (AU)	=	$1.495 \times 10^8$ মিটার	=	$9.289 \times 10^7$ মাইল
1 আলোকবর্ষ (ly)	=	এক বছরে আলোকের অতিক্রান্ত দূরত্ব		
	=	$9.42 \times 10^{15}$ মি	=	$9.42 \times 10^{12}$ কিলোমিটার
	=	$5.865 \times 10^{12}$ মাইল		
1 পারসেক (pc) = 3.26 আলোকবর্ষ	=	$3.083 \times 10^{13}$ কিলোমিটার	=	$3.083 \times 10^{16}$ মিটার
1 একক পারমাণবিক ভর (a.m.u.)	=	$1.66 \times 10^{-27}$ কিলোগ্রাম		

18. উড়োজাহাজের নকশা করেন কে?

(1 point)

- ম্যাক্স প্লাঙ্ক
- আইনস্টাইন
- অ্যারিস্টটল
- লিওনার্দো দ্যা ভিঞ্চি
- Skip

**Explanation:**

লিওনার্দো দ্যা ভিঞ্চি উড়োজাহাজের নকশা করেছেন।

19. কোনটি ভেক্টর রাশি?

(1 point)

- কাজ
- তড়িৎ ক্ষেত্র
- তড়িৎ বিভব
- তাপমাত্রা
- Skip

**Explanation:**



তড়িৎ ক্ষেত্রের কোনো বিন্দুতে স্থাপিত পরম চার্জ  $q_0$ -এর ওপর ক্রিয়াশীল বল  $\vec{F}$  হলে, ওই বিন্দুতে তড়িৎ প্রাবল্য হবে,

$$\vec{E} = \frac{\vec{F}}{q_0} \quad \dots \quad \dots \quad \dots \quad (2.10)$$

$$\therefore \vec{F} = q_0 \vec{E} \quad \dots \quad \dots \quad \dots \quad (2.11)$$

সমীকরণ (2.11) তড়িৎ প্রাবল্য এবং তড়িৎ বলের মধ্যে সম্পর্ক নির্দেশ করে।

তড়িৎ ক্ষেত্রে বলের মানকে চার্জের মান দ্বারা ভাগ করলে ভাগফলই হবে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্যের বা তড়িৎ ক্ষেত্রের মান।

20. কাজ শূন্য হয় কত কোণে?

(1 point)

- 180°
- 90°
- 0°
- 45°
- Skip

**Explanation:**

(ক) ধনাত্মক কাজ :  $\theta = 0^\circ$  হলে, অর্থাৎ বলের দিকে যখন বস্তু সরণ হয়, তখন

$$W = \vec{F} \cdot \vec{s} = Fs \cos \theta = Fs \cos 0^\circ$$

$$= Fs \quad [\because \cos 0^\circ = 1]$$

এখানে কাজ ধনাত্মক (positive)। এক কথায়  $\theta$  সূক্ষকোণ হলে কাজ ধনাত্মক। কাজ ধনাত্মক হলে বলের দ্বারা কাজ বুঝায়। ধনাত্মক কাজের ক্ষেত্রে গতিশক্তি বৃদ্ধি পায় এবং ত্বরন হয়।

(খ) শূন্য কাজ :  $\theta = 90^\circ$  হলে

$$W = F \cdot s \cos \theta = F \cdot s \cos 90^\circ = 0 \quad [\because \cos 90^\circ = 0]$$

অর্থাৎ  $\theta = 90^\circ$  হলে বল দ্বারা কাজের পরিমাণ শূন্য হবে। কেন্দ্রমুখী বল দ্বারা কাজ শূন্য হয়। কেন্দ্রমুখী বলের দিক বৃত্তের ব্যাসার্ধ বরাবর কেন্দ্রের দিকে, তার সরণের দিক বৃত্তের স্পর্শক বরাবর। ফলে  $\theta = 90^\circ$  হয় এবং কাজ শূন্য হয়।

(গ) ঋণাত্মক কাজ :  $\theta = 180^\circ$  হলে কাজ ঋণাত্মক (negative) হবে

$$\text{অর্থাৎ } W = \vec{F} \cdot \vec{s} = Fs \cos 180^\circ = -Fs \quad [\because \cos 180^\circ = -1]$$

কাজ ঋণাত্মক হলে বলের বিরুদ্ধে কাজ বুঝায়। ঋণাত্মক কাজের ক্ষেত্রে গতিশক্তি হ্রাস পায় এবং মন্দন হয়।

21. তরঙ্গের কোনটির ফলে বীট উৎপন্ন হয়?

(1 point)

- সমবর্তন
- উপরিপাতন
- অপবর্তন
- পোলারায়ন
- Skip

**Explanation:**

৯.১৩ বীট বা স্বরকম্প

Beats

সমান বা প্রায় সমান তীব্রতা ও প্রায় সমান কম্পাঙ্কের দুটি শব্দতরঙ্গ একসঙ্গে উৎপন্ন করলে দেখা যাবে যে, শব্দ একটানা হচ্ছে না—একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর একবার বাড়াচ্ছে ও একবার কমছে। শব্দের তীব্রতার এরূপ পর্যায়ক্রমিক হ্রাস-বৃদ্ধিকে বীট বা স্বরকম্প বলে। প্রতি সেকেন্ডে শব্দের তীব্রতার পর্যায়ক্রমিক হ্রাস বা বৃদ্ধির দ্বারা স্বরকম্পের সংখ্যা (বা কম্পাঙ্ক) নির্ণয় করা হয়।

সংজ্ঞা : সমান বা প্রায় সমান তীব্রতা এবং প্রায় সমান কম্পাঙ্কবিশিষ্ট একই দিকে অগ্রগামী দুটি শব্দতরঙ্গের উপরিপাতনের ফলে শব্দের লক্ষি প্রাবল্যের পর্যায়ক্রমিক হ্রাস-বৃদ্ধির ঘটনাকে বীট বা স্বরকম্প বলে। বীটের সংখ্যা প্রতি সেকেন্ডে 10 এর বেশি হলে তা উপলক্ষি করা যায় না।

22. কোনটির পোলারায়ন ঘটে না?

(1 point)

- আলোর
- পানির
- শব্দের



কোনটিই নয়

Skip

### Explanation:

#### কারণ শব্দ লব্ধিক তরঙ্গ

সংজ্ঞা : যে প্রক্রিয়ায় বিভিন্ন তলে কম্পমান আলোক তরঙ্গকে একটি নির্দিষ্ট তল বরাবর কম্পনক্ষম করা যায় তাকে আলোকের সমবর্তন বা পোলারায়ন বলে।

S হতে নির্গত আলোক তরঙ্গ চারদিকে কম্পিত হচ্ছে। S হতে A পর্যন্ত আলোক তরঙ্গের এই অবস্থাই চলবে। অতএব S ও A-এর মধ্যবর্তী স্থানে আলোক অসমবর্তিত বা অপোলারায়িত (unpolarised)। কিন্তু A হতে B পর্যন্ত স্থানে আলোক তরঙ্গকে একটি নির্দিষ্ট তল বরাবর আনয়ন করা হয়েছে। সুতরাং এই স্থানের আলোক সমবর্তিত বা পোলারায়িত (polarised)। যখন A ও B কেলাস-এর সরলাক্ষ পরস্পরের সমান্তরালে থাকে তখন B-এর পরের অংশের আলোক সমবর্তিত হয়। এখানে A-কে সমবর্তক (polariser) ও B-কে বিশ্লেষক (analyser) বলে। 1690 খ্রিস্টাব্দে বিজ্ঞানী হাইগেনস আলোকের সমবর্তন আবিষ্কার করেন।

উপরে বর্ণিত সমবর্তনে আলোক তরঙ্গের কম্পন একটি নির্দিষ্ট সমতলে সীমাবদ্ধ করা হয়েছে। এজন্য একে সমতল (plane) বা রৈখিক (linear) সমবর্তন বলা হয়।

### 23. সূর্যের নিকটতম তারা কোনটি?

(1 point)

আলফা মেন্টোরাই

আলফা সেনচুরি

ক্যানোপাস

রিগেল

Skip

### Explanation:

আলফা সেন্টাউরি সিস্টেমের তিনটি নক্ষত্রের মধ্যে অন্যতম প্রক্সিমা সেন্টাউরি আমাদের সূর্যের সবচেয়ে কাছের নক্ষত্র। এটি 4.22 আলোক-বছর দূরে।

### 24. ববের ভর পরিবর্তন করলে কোনটি অপরিবর্তিত থাকবে?

(1 point)

অভিকর্ষজ বল

পর্যায়কাল

ওজন

কোনটিই নয়

Skip

### Explanation:

#### ৮.৭.১ সরল দোলকের সূত্রাবলি

**প্রথম সূত্র (সমকাল সূত্র) :** কোনো স্থানে নির্দিষ্ট দৈর্ঘ্যবিশিষ্ট একটি সরল দোলকের বিস্তার  $4^\circ$  এর মধ্যে থাকলে তার প্রতিটি দোলনের জন্য সমান সময় লাগবে।

**দ্বিতীয় সূত্র (দৈর্ঘ্যের সূত্র) :** বিস্তার  $4^\circ$  এর মধ্যে থাকলে কোনো নির্দিষ্ট স্থানে সরল দোলকের দোলন কাল তার কার্যকরী দৈর্ঘ্যের বর্গমূলের সমানুপাতিক। অর্থাৎ  $T \propto \sqrt{L}$  অর্থাৎ কার্যকরী দৈর্ঘ্য 4 গুণ বাড়লে দোলন কাল 2 গুণ বাড়বে।

**তৃতীয় সূত্র (ভরগণের সূত্র) :** বিস্তার  $4^\circ$  এর মধ্যে থাকলে নির্দিষ্ট দৈর্ঘ্যবিশিষ্ট কোনো একটি সরল দোলকের দোলনকাল ওই স্থানের অভিকর্ষীয় ত্বরণের বর্গমূলের ব্যস্তানুপাতিক। অর্থাৎ  $T \propto \frac{1}{\sqrt{g}}$

**চতুর্থ সূত্র (ভরের সূত্র) :** বিস্তার  $4^\circ$  এর মধ্যে এবং কার্যকরী দৈর্ঘ্য স্থির থাকলে কোনো স্থানে সরল দোলকের দোলনকাল দোলক পিণ্ডের ভর, আকৃতি, উপাদানের ওপর নির্ভর করে না।

সরল দোলকের সূত্রগুলোকে একত্রে  $T \propto \frac{L}{\sqrt{g}}$  বা  $T = \frac{1}{2\pi} \sqrt{\frac{L}{g}}$  আকারে লেখা যায়।

অতএব, স্বল্প বিস্তারে দোলায়মান সরল দোলকের গতি সরল দোলন বা দোল গতি। এটি নিম্নলিখিত বৈশিষ্ট্য-গুলো মেনে চলে।

### 25. কার্নো ইঞ্জিনের দক্ষতা-

(1 point)

80%



- 50%  
 100%  
 97%  
 Skip

**Explanation:**

১৮২৪ সালে ফরাসি বিজ্ঞানী ইঞ্জিনিয়ার সাদি কার্নো তাত্ত্বিক আলোচনার জন্য সকল দোষ-ত্রুটি মুক্ত একটি আদর্শ ইঞ্জিনের ধারণা প্রস্তাব করেন যা কার্নো ইঞ্জিন নামে পরিচিত হয় দক্ষতা 100%।

26. বিদ্যুৎ কেন্দ্রে বাতাসের গতিবেগ-

(1 point)

- $5 \text{ ms}^{-1}$   
  $10 \text{ ms}^{-1}$   
  $15 \text{ ms}^{-1}$   
  $334 \text{ ms}^{-1}$   
 Skip

**Explanation:**

এখানে বাতাসের গতিবেগ 5 থেকে 6 মিটার পার সেকেন্ড। সাধারণভাবে 2.3 থেকে 2.5 মিটার পার সেকেন্ড গতিসম্পন্ন বায়ু থেকে অতি সহজেই উইন্ড মিলের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব।

27. একক ভরের তাপমাত্রা 1 ডিগ্রি বৃদ্ধি বৃদ্ধি করতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে কী বলে? (1 point)

- সুপ্ত তাপ  
 গলন তাপ  
 আপেক্ষিক তাপ  
 মোলার তাপ  
 Skip

**Explanation:**

এক গ্রাম ভরের কোন পদার্থের উষ্ণতা এক ডিগ্রি সেন্টিগ্রেড বাড়াতে যত ক্যালরি তাপের প্রয়োজন হয় তাকে ওই পদার্থের আপেক্ষিক তাপ বলে। এই পদ্ধতিতে আপেক্ষিক তাপের একক হল ক্যালরি প্রতি গ্রাম প্রতি ডিগ্রি সেন্টিগ্রেড।

28. পড়ন্ত বস্তুর তৃতীয় সূত্রানুসারে কোনটি সঠিক?

(1 point)

- $s \propto 1/t$   
  $s \propto t^2$   
  $s \propto t$   
  $s \propto 1/t^2$   
 Skip

**Explanation:**



**সূত্রগুলো নিজে প্রদত্ত হলো :**

১ম সূত্র : বায়ুশূন্য স্থানে বা বাধাহীন পথে সকল বস্তুই নিশ্চল অবস্থা হতে যাত্রা করে সমান দ্রুততায় নিচে নামে অর্থাৎ সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে।

ব্যাখ্যা : ছোট, বড় ও বিভিন্ন গুণনের কতকগুলো বস্তু একই উচ্চতা হতে ও স্থিরাবস্থা হতে ছেড়ে দিলে বাধাহীন পথে তারা সমান দ্রুততায় অর্থাৎ ত্বরণে গতিশীল থাকবে এবং একই সময়ে মাটিতে পড়বে।

২য় সূত্র : বাধাহীন পথে পড়ন্ত বস্তুই নির্দিষ্ট সময়ে প্রাপ্ত বেগ ওই সময়ের সমানুপাতিক। কোনো পড়ন্ত বস্তু  $t$  সময়ে  $v$  বেগ প্রাপ্ত হলে, গাণিতিকভাবে লেখা যায়,  $v \propto t$

ব্যাখ্যা : অতিকর্ষের টানে স্থিরাবস্থা হতে বাধাহীন পথে নিচের দিকে পড়বার সময় কোনো বস্তু যদি এক সেকেন্ড পরে  $v$  হয় তবে তার বেগ দুই সেকেন্ড পরে  $v \times 2$ , তিন সেকেন্ড পরে  $v \times 3$  ইত্যাদি হবে। সাধারণভাবে বলা যায় যে, কোনো একটি পড়ন্ত বস্তুই বেগ  $t_1$  ও  $t_2$  সময়ে যথাক্রমে  $v_1$  ও  $v_2$  হলে,

$$\frac{v_1}{t_1} = \frac{v_2}{t_2} \text{ বা, } \frac{v_1}{v_2} = \frac{t_1}{t_2} \therefore v \propto t$$

৩য় সূত্র : বাধাহীন পথে পড়ন্ত বস্তুই নির্দিষ্ট সময়ে অতিক্রান্ত দূরত্ব ওই সময়ের বর্গের সমানুপাতিক। কোনো পড়ন্ত বস্তু  $t$  সময়ে  $h$  দূরত্ব অতিক্রম করলে গাণিতিক নিয়মে লেখা যায়,  $h \propto t^2$

ব্যাখ্যা : অতিকর্ষের টানে স্থিরাবস্থা হতে বাধাহীন পথে নিচের দিকে পড়বার সময় কোনো বস্তু যদি প্রথম সেকেন্ডে  $h$  দূরত্ব অতিক্রম করে তবে বস্তুটি দুই সেকেন্ডে  $2^2 \times h$ , তিন সেকেন্ডে  $3^2 \times h$  ইত্যাদি দূরত্ব অতিক্রম করবে।

কাজেই বস্তুটি  $t_1$  ও  $t_2$  সেকেন্ডে যথাক্রমে  $h_1$  ও  $h_2$  দূরত্ব অতিক্রম করলে,

$$\frac{h_1}{t_1^2} = \frac{h_2}{t_2^2} \text{ বা, } \frac{h_1}{h_2} = \frac{t_1^2}{t_2^2} \therefore h \propto t^2$$

29. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য চারগুণ করা হলে এর দোলনকাল কত হবে? (1 point)

- 8sec  
 4sec  
 5sec  
 0.9sec  
 Skip

**Explanation:**

সমাধান: (b); আমরা জানি,  $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$ ; সেকেন্ড দোলকের ক্ষেত্রে,  $2 = 2\pi \sqrt{\frac{L}{g}}$  ..... (i)

আবার, দৈর্ঘ্য 4 গুণ বৃদ্ধি করা হলে, আমরা পাই,  $T = 2\pi \sqrt{\frac{4L}{g}}$  .....(ii)

(i)  $\div$  (ii) নং হতে পাই,  $\frac{2}{T} = \sqrt{\frac{L}{g} \times \frac{g}{4L}}$  বা,  $\frac{2}{T} = \sqrt{\frac{1}{4}}$  বা,  $T = 2 \times 2 \therefore T = 4s$

30. আলোক শক্তির তুলনায় তাপ শক্তি বেশি কোন রশ্মিতে? (1 point)

- এক্স-রে  
 অতিবেগুনী  
 দৃশ্যমান বর্ণালি  
 অবলোহিত  
 Skip

**Explanation:**

অবলোহিত রশ্মিতে আলোক শক্তির তুলনায় তাপ শক্তি বেশি।

31. বুরেট, পিপেট, কনিকেল ফ্লাক্স কোন কাঁচ? (1 point)

- পাইরেক্স  
 নরম কাঁচ  
 সাধারণ কাঁচ  
 লেমিনেটেড কাঁচ  
 Skip

**Explanation:**



ল্যাবরেটরিতে কোনো দুর্ঘটনা এবং ক্ষতি এড়ানোর জন্য কাঁচের তৈরি সামগ্রী ব্যবহার করা হয়। যেমন- বুকেট, পিপেট, ফ্লাস্ক, মাপন সিলিন্ডার ইত্যাদি কাঁচের তৈরি সামগ্রী।

গ্লাসের তৈরি সামগ্রী গুলো দুই ধরনের হয়-

- Soft Glass বা কোমল কাঁচ সামগ্রী
- শক্ত কাঁচ বা পাইরেক্স গ্লাস সামগ্রী

এখন আমরা এই দুই ধরনের গ্লাস সামগ্রীর মধ্যে কিছু বৈশিষ্ট্য দেখে নেই-

কোমল কাঁচ (Soft Glass) সামগ্রী

- ফানেল, কাচনল, বিকার, ওয়াচ গ্লাস, রিএজেন্ট বা বিকারক বোতল এদেরকে কোমল গ্লাস সামগ্রী দিয়ে বানানো হয়।
- কোমল গ্লাসের তাপসহন ক্ষমতা কম, তাই এরা বুনসেন বার্নারের শিখায় উত্তপ্ত হয়ে সহজে নরম হয়ে যায়।
- কোমল গ্লাস সামগ্রী বানানো হয় সোডিয়াম ও ক্যালসিয়াম সিলিকেটের মিশ্রন দ্বারা।

পাইরেক্স বা শক্ত কাঁচ সামগ্রী

- পাইরেক্স গ্লাস স্বচ্ছ হয়। এটি অ্যালুমিনিয়াম অথবা জিংক ও বেরিয়াম বোরো সিলিকেটস দিয়ে তৈরি করা হয়।
- বিকার, কনিক্যাল ফ্লাস্ক, পিপেট, মেজারিং সিলিন্ডার, মেজারিং ফ্লাস্ক বা আয়তনিক ফ্লাস্ক, গোলতলী ফ্লাস্ক, পাতন ফ্লাস্ক, কনিকেল ফ্লাস্ক, বুকেট ইত্যাদি পাইরেক্স গ্লাস দিয়ে তৈরি করা হয়।
- পাইরেক্স গ্লাস সামগ্রী উচ্চ তাপসহন ক্ষমতাসীল, ফলে বুনসেন বার্নারের শিখায় এদের তেমন কিছুই হয় না। তাই এদের ল্যাবরেটরিতে নিরাপদে ব্যবহার করা হয়।
- সহজে ভাঙে না এবং নরম হয়ে গলে যায় না।
- পাইরেক্স গ্লাস খুব দ্রুত তাপমাত্রা নিতে পারে এবং দ্রুত পরিবেশে তাপমাত্রা বর্জন করতে পারে, তাই এটি দ্রুত শীতল হয় বলে সহজেই একে ল্যাবরেটরিতে ব্যবহার করা হয়।

32. প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ নয় কোনটি?

(1 point)

- HCl
- H<sub>2</sub>SO<sub>4</sub>
- NaOH
- Na<sub>2</sub>CO<sub>3</sub>
- Skip

**Explanation:**

প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ : যেসব কঠিন রাসায়নিক পদার্থকে (i) বিশুদ্ধ অবস্থায় প্রস্তুত করা যায়; (ii) এরা বাতাসের সংস্পর্শে জলীয় বাষ্প বা O<sub>2</sub> সহ বিক্রিয়া করে না; (iii) এদের ওজন নেয়ার সময় রাসায়নিক নিক্তিকে ক্ষয় করে না এবং (iv) এদের দ্রবণের ঘনমাত্রা দীর্ঘদিন অপরিবর্তিত থাকে; এদেরকে প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ বলে। যেমন,

(১) অনর্দ্র সোডিয়াম কার্বনেট (Na<sub>2</sub>CO<sub>3</sub>) স্কার,

(২) কেলাসিত ইথেন ডাইওয়িক এসিড বা অক্সালিক এসিড (H<sub>2</sub>C<sub>2</sub>O<sub>4</sub>·2H<sub>2</sub>O),

(৩) পটাসিয়াম ডাইক্রোমেট (K<sub>2</sub>Cr<sub>2</sub>O<sub>7</sub>) জারক পদার্থ,

(৪) কেলাসিত সোডিয়াম ইথেন ডাইওয়িক বা অক্সালেট (Na<sub>2</sub>C<sub>2</sub>O<sub>4</sub>·2H<sub>2</sub>O) বিজারক পদার্থ ইত্যাদি হলো প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ।

সেকেন্ডারি পদার্থ : যে সব পদার্থের মধ্যে প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থের চারটি বৈশিষ্ট্যের যেমন বিশুদ্ধতা, বাতাসে অপরিবর্তিত থাকা, রাসায়নিক নিক্তির ক্ষয় না করা অথবা ঘনমাত্রার পরিবর্তন না ঘটা ইত্যাদির কোনো একটির অভাব ঘটে, তখন এদেরকে সেকেন্ডারি স্ট্যান্ডার্ড (Secondary Standard) পদার্থ বলে। সেকেন্ডারি পদার্থ হলো যেমন,

(১) NaOH স্কার, (২) HCl এসিড, (৩) H<sub>2</sub>SO<sub>4</sub> এসিড,

(৪) পটাসিয়াম পারম্যাঙ্গানেট (KMnO<sub>4</sub>) জারক পদার্থ,

(৫) সোডিয়াম থায়োসালফেট (Na<sub>2</sub>S<sub>2</sub>O<sub>3</sub>·5H<sub>2</sub>O) বিজারক পদার্থ ইত্যাদি।

33. রাজ অল্ল কোনটি?

(1 point)



- HNO<sub>3</sub> ও HCl
- HNO<sub>3</sub> ও H<sub>2</sub>SO<sub>4</sub>
- HCl ও H<sub>2</sub>CO<sub>3</sub>
- HPO<sub>3</sub> ও HCl
- Skip

**Explanation:**

(৪) পোর্সেলিন বাটি উত্তপ্তকরণ : পোর্সেলিন বাটি সিরামিকের তৈরি এবং সাদা বর্ণের হয়। ব্যবহারের উদ্দেশ্য অনুসারে পোর্সেলিন বাটি ছোট বা বড় আকারের হয়। বড় আকারের পোর্সেলিন বেসিন বা বাটি কোনো দ্রবণকে গাটীকরণে অ্যাকুয়া রেজিয়া বা, রাজসলে (1 mol conc. HNO<sub>3</sub> and 3 mol conc. HCl mixture) বস্তুর দ্রবণ তৈরি করতে ব্যবহৃত হয়। ছোট আকারের পোর্সেলিন বাটি ভরভিত্তিক বিশ্লেষণে (gravimetric analysis-এ) উৎপাদ বস্তুর শুদ্ধকরণে বস্তুর উচ্চ তাপমাত্রায় উত্তপ্ত করার কাজে ব্যবহৃত হয়। প্রথম ক্ষেত্রে তারজালির ওপর এবং দ্বিতীয় ক্ষেত্রে ত্রিভুজ আকৃতির পোর্সেলিন ধারকের ওপর পোর্সেলিন বাটিকে রেখে বুনসেন-বার্নার দ্বারা উত্তপ্ত করা হয়। প্রথম ক্ষেত্রে ত্রিপদী স্ট্যান্ড এবং দ্বিতীয় ক্ষেত্রে রিং ব্যবহৃত হয়।


## 34. অধিক তাপ উৎপন্ন করে কোনটি?

(1 point)

- CaO
- NaO
- SO<sub>2</sub>
- NO
- Skip

**Explanation:****প্রস্তুতি** [সম্পাদনা]

সাধারণত চূনাপাথর বা বিনুকের তাপীয় বিয়োজনে ক্যালসিয়াম অক্সাইড পাওয়া যায়। অর্থাৎ বিনুক বা চূনাপাথরকে দহন করলে চূন পাওয়া যায়। চূনাপাথর বা বিনুকের মধ্যে ক্যালসিয়াম কার্বনেট (CaCO<sub>3</sub>) থাকে। ৮২৫ °সে (১,৫১৭ °ফা)<sup>[৬]</sup> এর বেশি তাপমাত্রায় দহন করে চূন তৈরীর প্রক্রিয়াকে ক্যালসিনেশান বা চূন পোড়ানো বলা হয়। দহনে চূন এবং এক অণু কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়।



উৎপন্ন ক্যালসিয়াম অক্সাইড অস্থিতিশীল, বাতাসের CO<sub>2</sub> সাথে বিক্রিয়া করে এক সময়ে এটা ক্যালসিয়াম কার্বনেট তৈরী করে। এজন্য উৎপন্ন চূনকে পানির সাথে মিশিয়ে রাখা হয়।

চীন বিশ্বের সর্বাধিক চূন উৎপাদনকারী দেশ। বাৎসরিক চূন উৎপাদনে যুক্তরাষ্ট্র দ্বিতীয়।<sup>[৭]</sup>

## 35. মৃদু এসিড তীব্র ক্ষার কোন নির্দেশক?

(1 point)

- ফেনফথ্যালিন
- মিথাইল রেড
- মিথাইল অরেঞ্জ
- লিটমাস পেপার
- Skip

**Explanation:**



প্রশমন বিন্দুতে দ্রবণের pH > 7 হয়। তখন প্রশমন বিন্দুর pH 8.8 এ থাকে। তাই দুর্বল এসিড-সবল ক্ষারের টাইট্রেশনে হঠাৎ বর্ণ পরিবর্তনের pH পরিসর প্রায় 8.0 -10.0 এর মধ্যে থাকে। [কিন্তু কনজুগেট ক্ষাররূপে CH<sub>3</sub>COO<sup>-</sup> আয়ন এর মাতৃ দুর্বল এসিড CH<sub>3</sub>COOH থেকে তুলনামূলকভাবে সবল হয়।] তাই এক্ষেত্রে কেবল ঐ পরিসরে থাকা ফেনলফথ্যালিন ও থাইমল ব্লু (ক্ষার) ইত্যাদি নির্দেশক ব্যবহার করা যায়।

36. স্থায়ী মূল কণিকা নয় কোনটি?

(1 point)

- ইলেকট্রন
- প্রোটন
- পজিট্রন
- নিউট্রন
- Skip

**Explanation:**

পরমাণুর স্থায়ী মূল কণিকা : এ যাবৎ তিনটি পরমাণু মডেল থেকে জেনেছো, পরমাণুর কেন্দ্রে থাকে নিউক্লিয়াস এবং এর চারদিকে থাকে বিভিন্ন অরবিটালে আবর্তনশীল ইলেকট্রনসমূহ। এ দুটি কণা ছাড়াও 1932 খ্রিস্টাব্দে বিজ্ঞানী জেমস চ্যাডউইক পরমাণুর কেন্দ্রে চার্জবিহীন কণা নিউট্রন আবিষ্কার করেন। সাধারণ H পরমাণু (<sup>1</sup>H) ছাড়া সব মৌলের প্রতিটি পরমাণুর গঠন এককরূপে ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন থাকে। তাই এ তিনটি কণাকে পরমাণুর স্থায়ী মূল কণিকা বলে।

পরমাণুর অস্থায়ী মূল কণিকা : কোনো কোনো মৌলের পরমাণুতে খুবই অল্প সময়ের জন্য অস্থায়ীভাবে কিছু কণার অস্তিত্ব পাওয়া গেছে, এদেরকে পরমাণুর অস্থায়ী মূল কণিকা বলে। যেমন নিউট্রিনো, অ্যান্টি নিউট্রিনো, অ্যান্টিপ্রোটন, পজিট্রন, পজিট্রনো, মেসন, বোসন, পাইওন, মিউওন ইত্যাদি।

কম্পোজিট কণিকা : স্থায়ী ও অস্থায়ী মূলকণিকা ছাড়াও আরো এক শ্রেণির ভারী কণা বিভিন্ন পরমাণু থেকে নির্গত হয়, এদেরকে যৌগিক কণা বা কম্পোজিট কণিকা বলে। যেমন আলফা (α) কণা (<sup>4</sup>He<sup>2+</sup>) ও ডিউটেরন কণা।

37. রেডিও থেরাপীতে কোনটি ব্যবহার করা হয়?

(1 point)

- গামা রে
- অতিবেগুনি রশ্মি
- অবলোহিত রশ্মি
- এক্স-রে
- Skip

**Explanation:**

রেডিও থেরাপীতে X-Ray ব্যবহার করা হয়।

38. রেডিও তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য-

(1 point)

- 0.1 nm-1 nm
- 300 nm-780 nm
- 1mm-1000Km
- 120nm-200nm
- Skip

**Explanation:**



নিচের ছকে তড়িৎ চুম্বকীয় বর্ণালির গুরুত্বপূর্ণ বিভিন্ন অঞ্চলে তরঙ্গদৈর্ঘ্য, ফ্রিকুয়েন্সি ও বিভিন্ন ব্যবহার উল্লেখ করা হলো :

তড়িৎ চুম্বকীয় বিকিরণ অঞ্চল	তরঙ্গদৈর্ঘ্য পরিসর	ফ্রিকুয়েন্সি পরিসর	গুরুত্বপূর্ণ ব্যবহার
১। রেডিও ওয়েভ অঞ্চল :	10 km – 1 mm	3 kHz – $3 \times 10^{11}$ Hz	১। রেডিও-টিভির সিগনাল ও MRI যন্ত্রে ব্যবহৃত হয়।
২। মাইক্রোওয়েভ অঞ্চল :	1 mm – 1 m	$3 \times 10^8$ Hz – $3 \times 10^{11}$ Hz	২। Wi-Fi, মোবাইল ফোন সিগনাল ও মাইক্রো ওভেনে ব্যবহৃত হয়।
৩। অবলোহিত (IR) অঞ্চল :	1 mm – 780 nm	$3 \times 10^{11}$ Hz – $385 \times 10^{12}$ Hz	৩। রিমোট কন্ট্রোল, অপটিকেল ফাইবার মাধ্যমে যোগাযোগ ও ফিজিওথেরাপিতে ব্যবহৃত হয়।
৪। দৃশ্যমান অঞ্চল :	780 nm – 380 nm	$385 \times 10^{12}$ Hz – $790 \times 10^{12}$ Hz	৪। সালোকসংশ্লেষণ ও বিশ্লেষণী রসায়নে পদার্থের পরিমাণ নির্ণয়ে ব্যবহৃত।
৫। অতিবেগুনি (UV) :	380 nm – 10 nm	$790 \times 10^{12}$ Hz – $3 \times 10^{16}$ Hz	৫। জাল টিকা ও জাল পাসপোর্ট শনাক্তকরণে ব্যবহৃত হয়।
৬। X-ray অঞ্চল :	10 nm – 0.01 nm	$3 \times 10^{16}$ Hz – $3 \times 10^{19}$ Hz	৬। চিকিৎসা বিজ্ঞানে দেহের অভ্যন্তরের প্রতিচ্ছবি তোলার কাজে ব্যবহৃত হয়।
৭। গামা ( $\gamma$ ) Ray অঞ্চল :	Less than 0.01 nm	$> 3 \times 10^{19}$ Hz	৭। ক্যান্সার রোগের চিকিৎসা ও খাদ্যশস্যে অপুণীভূত ধ্বংস করতে ব্যবহৃত হয়।

39. f-ব্লকভুক্ত মৌল কয়টি?

(1 point)

- 29  
 30  
 27  
 34  
 Skip

**Explanation:**

(8) f-ব্লক মৌল : এ সব মৌলের পরমাণুতে সর্বশেষ ইলেকট্রন f অরবিটালে যায়। ৬ষ্ঠ পর্যায়ের ল্যাঙ্হানাম, La (57) থেকে পরবর্তী লুটেসিয়াম, Lu (71) পর্যন্ত পনেরটি মৌলকে ল্যাঙ্হানয়ডস (Lanthanoids) বা ল্যাঙ্হানাইড সিরিজ (Lanthanides) এবং অ্যাক্টিনিয়াম, Ac (89) থেকে পরবর্তী লরেনসিয়াম, Lr (103) পর্যন্ত পনেরটি মৌলকে অ্যাক্টিনয়ডস (Actinoids) বা অ্যাক্টিনাইড সিরিজ (Actinides) বলা হয়। এ দু' শ্রেণির অন্তর্ভুক্ত ৩০টি মৌলকে বর্তমানে আধুনিকতম পর্যায় সারণির নিচে লেখা হয়েছে। f-ব্লকের মৌলগুলোর সাধারণ ইলেকট্রন বিন্যাস হলো—

$$(n-2)f^{1-14}(n-1)d^{0,1,2}ns^2; \text{ এখানে } n = 6, 7 \text{ হবে।}$$

উল্লেখ্য ল্যাঙ্হানাইড সিরিজের ১ম মৌল La (57) এর সর্বশেষ ইলেকট্রন  $5d^1$  এ এবং অ্যাক্টিনাইড সিরিজের প্রথম মৌল Ac (89) ও ২য় মৌল Th (90) এর সর্বশেষ ইলেকট্রন যথাক্রমে  $6d^1$  ও  $6d^2$  রূপে আছে। তাই তারা f-ব্লক মৌল নয়। সুতরাং প্রকৃতপক্ষে f-ব্লক মৌলের সংখ্যা হলো ২৭টি (পর্যায় সারণি দ্রষ্টব্য)।


40. কোনটি বিদ্যুৎ পরিবাহী?

(1 point)

- গ্রাফাইট  
 হীরক  
 সালফার  
 নিয়ন  
 Skip

**Explanation:**





গ্রাফাইটের গঠনে প্রতিটি কার্বন পরমাণুতে  $sp^2$  সংকরণ দ্বারা তিনটি সংকর অরবিটাল ও একটি অসংকরিত অরবিটাল থাকে। গ্রাফাইটে এ তিনটি সংকর অরবিটাল দ্বারা প্রতিটি কার্বন পরমাণু অপর তিনটি কার্বন পরমাণুর সাথে সিগমা বন্ধন দ্বারা যুক্ত হয়। ফলে গ্রাফাইটে অসংখ্য কার্বন পরমাণু সহকারে ষড়ভুজী জালের সমতলীয় শীট বা স্তর সৃষ্টি করে থাকে। প্রতিটি স্তরে এরূপ ষড়ভুজী জালের সৃষ্টি হয়। এসব C-C বন্ধন সৃষ্টির পরেও প্রতিটি কার্বন পরমাণুতে একটি করে ইলেকট্রনযুক্ত অসংকরিত  $2p^1$  অরবিটাল অব্যবহৃত থেকে যায়। এ অরবিটালসমূহ পরস্পরের সাথে সংযুক্ত হয়ে এমন অবস্থার সৃষ্টি করে যে তাদের  $\pi$ -ইলেকট্রনগুলো একই স্তরে সমগ্র জালিতে সঞ্চারণ করতে পারে। এ সঞ্চারণশীল ইলেকট্রনের কারণেই গ্রাফাইট বিদ্যুৎ পরিবাহী হয়। গ্রাফাইটের ন্যায় হীরক কার্বনের একটি রূপভেদ হলেও এদের ধর্মে খুবই পার্থক্য বিদ্যমান। এর কারণ এদের অণু মধ্যস্থ বন্ধন প্রকৃতি। হীরকের প্রতিটি কার্বন পরমাণুর  $sp^3$  সংকরণ ঘটে। চারটি সংকর অরবিটাল একটি চতুস্তলকের চারটি কোণের দিকে প্রসারিত, যার কেন্দ্রস্থলে কার্বন পরমাণুটি অবস্থিত। এ চারটি সংকর অরবিটাল অপর চারটি কার্বন পরমাণুর সাথে চারটি সিগমা বন্ধন সৃষ্টি করে। ফলে প্রতিটি কার্বন পরমাণু অপর চারটি কার্বন পরমাণু দ্বারা চতুস্তলকীয়ভাবে পরিবেষ্টিত ও সিগমা বন্ধনযুক্ত থাকে। এভাবেই একটি অতি বৃহৎ ত্রিমাত্রিক অণু গঠিত হয়, যা হীরকরূপে দেখা যায়। যেহেতু প্রতিটি  $sp^3$  সংকরিত কার্বন পরমাণুর সব যোজ্যতা ইলেকট্রন অপর চারটি কার্বন পরমাণুর সাথে সিগমা বন্ধন সৃষ্টিতে ব্যবহৃত হয় এবং এতে কোন মুক্ত বা সঞ্চারণশীল ইলেকট্রন থাকে না, সেহেতু হীরক বিদ্যুৎ অপরিবাহী।


41. ব্লু ভিট্রিওলে কত মোল পানি থাকে?

(1 point)

- 7
- 1
- 5
- 9
- Skip

Explanation:

(iii) সোদক কপার সালফেটের গঠন (গঠন পানির উৎপত্তি):  $CuSO_4 \cdot 5H_2O$   
 তুতে বা ব্লু-ভিট্রিয়লে 4টি পানির অণু কপারের সাথে সন্নিবেশ বন্ধনের মাধ্যমে এবং ৫ম পানির অণুটির সাথে হাইড্রোজেন বন্ধনের মাধ্যমে যুক্ত হয়ে সোদক কেলাস তুতে বা ব্লু-ভিট্রিয়ল তৈরী হয়। তুতে বা ব্লু-ভিট্রিয়লের 4টি পানির অণুকে ভাস্কতে  $100^\circ$ সে. তাপমাত্রা প্রয়োজন হয় কিন্তু শেযোক্ত পানির অণুকে ভাস্কতে আরো  $230^\circ$ সে. তাপমাত্রা প্রয়োজন হয়। এজন্য শেযোক্ত পানির অণুকে তুতের গঠন পানি বলে। তুতের গঠনে সমযোজী, আয়নিক, সন্নিবেশ এবং হাইড্রোজেন চার ধরনের বন্ধন বিদ্যমান।



চিত্র-৩.৩৩: তুতের কেলাস।

42. নিষ্ক্রিয় পরমাণুর অণু গঠন করে কোন বন্ধন এর মাধ্যমে?

(1 point)

- আয়নিক
- ভ্যানডার ওয়ালস
- সমযোজী
- সন্নিবেশ



Skip

**Explanation:**

**৩.১৭ ড্যান্ডার ওয়ালস বল : আন্তঃআণবিক আকর্ষণ বল  
Vander Waals Force : Inter-Molecular Force**

আমরা জানি, রাসায়নিক বন্ধন শক্তি বা আন্তঃপারমাণবিক আকর্ষণ বল (Bonding forces) ও আন্তঃআণবিক আকর্ষণ বল—এ উভয় প্রকার বলের প্রকৃতি হলো বিপরীত চার্জের স্থিরবৈদ্যুতিক আকর্ষণ বল। বন্ধন শক্তি হলো— (১) ক্যাটায়ন ও অ্যানায়নের মধ্যে আকর্ষণ (আয়নিক বন্ধনে), (২) নিউক্লিয়াসদ্বয় ও ইলেকট্রন যুগলের মধ্যে আকর্ষণ (সমযোজী বন্ধনে) অথবা (৩) ধাতুর ক্যাটায়ন ও সঞ্চরণশীল যোজ্যতা ইলেকট্রনের মধ্যে আকর্ষণ (ধাতব বন্ধনে)।

অপরদিকে আন্তঃআণবিক আকর্ষণ বল অণুসমূহের মধ্যে আংশিক চার্জ সৃষ্টির কারণে অথবা আয়ন ও অণুর মধ্যে আকর্ষণের কারণে উদ্ভব ঘটে। এ উভয় প্রকার বল মূলত আকর্ষণ শক্তির মাত্রায় ভিন্ন হয় মাত্র।

ড্যান্ডার ওয়ালস বলের সংজ্ঞা : রাসায়নিক বন্ধন শক্তি বা আন্তঃআণবিক আকর্ষণ বল (intra molecular force) ছাড়া অণুসমূহের মধ্যে যত প্রকার কার্যকর বল রয়েছে তাদেরকে একত্রে আন্তঃআণবিক আকর্ষণ বল বা সাধারণভাবে ড্যান্ডার ওয়ালস বলও বলা হয়। তবে অপোলার সমযোজী অণুসমূহের আন্তঃআণবিক আকর্ষণ বলকে ড্যান্ডার ওয়ালস আকর্ষণ বল বলা হয়।

ননবন্ডিং আন্তঃআণবিক বল নিম্নোক্ত শ্রেণিতে বিভক্ত। যেমন (১) আয়ন-ডাইপোল আকর্ষণ, (২) হাইড্রোজেন বন্ধন, (৩) ডাইপোল-ডাইপোল আকর্ষণ, (৪) আয়ন-আবিষ্ট ডাইপোল আকর্ষণ, (৫) ডাইপোল-আবিষ্ট ডাইপোল আকর্ষণ, (৬) লন্ডন বল বা বিস্তারণ (dispersion) বল। নিচের সারণিতে বন্ডিং ও নন-বন্ডিং আকর্ষণ শক্তির মাত্রাগত তুলনা দেখানো হলো :

**43. রক্তের কোন বাফার সবচেয়ে কার্যকর?**

(1 point)

- সালফেট  
 বাই সালফেট  
 কার্বনেট  
 বাই কার্বনেট  
 Skip

**Explanation:**

**8.১৫ মানুষের রক্তের pH  
pH of Human Blood**

